# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 29-08-2026** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) বিদেশমন্ত্রক অনুমতি দিলে নেপালে বিধ্বংসী হড়পা বানে নিখোঁজদের সন্ধানে রাজ্য সরকার প্রতিনিধি দল পাঠাবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

সরকারীভাবে নিখোঁজ ৩৯ জনের মধ্যে সন্ধান মিলেছে ২ জনের।

২) উত্তর ২৪ পরগনার অশোক নগরে বাণিজ্যিকভাবে তেল উত্তোলন শুরু হয়েছে। একে এক শুভ সূচনা বলে উল্লেখ করেছে ওএনজিসি ।

৩) মুর্শিদাবাদে ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মানে প্রয়োজনীয় জমি হস্তান্তরের কাজ ১০০ শতাংশ সম্পূর্ণ হয়েছে।

৪) মালদা মেডিকেল কলেজ হাসপাতালে শিশুমৃত্যুর কারণ খতিয়ে দেখতে ৪ সদস্যের বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে স্বাস্থ্য দফতর।

আজ এক প্রতিনিধি দল মালদা যাচ্ছেন।

৫) হকির জাদুকর মেজর ধ্যানচাঁদ এর ১২১ তম জন্মবার্ষিকী আজ জাতীয় ক্রীড়া দিবস হিসাবে পালিত হচ্ছে। এবারের ক্রীড়া দিবসের মূল ভাবনা 'খেলবে ভারত, জিতবে ভারত'।

<u>oooooooooooooooooooo</u>

নেপালে বিধ্বংসী হড়পা বানে নিখোঁজ পশ্চিমবঙ্গের বাসিন্দাদের সন্ধানে প্রতিনিধি দল পাঠাতে রাজ্য সরকার,  বিদেশ মন্ত্রকের কাছে অনুমতি চেয়েছে। অনুমতি মিললেই একজন মন্ত্রী, একজন বিধায়ক, আইজি পদমর্যাদার এক পুলিশ আধিকারিক এবং এক সিনিয়র আইএএস আধিকারিককে নিয়ে একটি প্রতিনিধি দল কাঠমাণ্ডু পাঠানো হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

(বাইট- শুভেন্দু)

উল্লেখ্য, গত সন্ধ্যায় ভবানী ভবনে নিখোঁজদের পরিবারের সদস্যদের সঙ্গে ভার্চুয়াল বৈঠকের পর মুখ্যমন্ত্রী জানান, পশ্চিমবঙ্গ থেকে সরকারি ভাবে নিখোঁজ ৩৯ জনের মধ্যে একটি পরিবারের দু'জনের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়েছে। তাঁরা সুস্থ রয়েছেন। তবে বাকি ৩৭ জনের এখনও কোনও খোঁজ মেলেনি।

মুখ্যমন্ত্রী বলেন, নবান্ন ও ভবানী ভবনে দু'টি কন্ট্রোল রুম খোলা হয়েছে। নিখোঁজদের পরিবারের সঙ্গে প্রশাসন নিয়মিত যোগাযোগ রাখছে। বিপর্যস্ত পরিবারের সদস্যদের আশ্বস্ত করে মুখ্যমন্ত্রী বলেন, সরকারের ক্ষমতার মধ্যে যা যা সম্ভব, সব ধরনের পদক্ষেপই করা হবে।

এদিকে, নেপাল ঐ ভয়ঙ্কর হড়পা বাণে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে- ৫৭৯ । এক হাজার ৯২৪ জন এখনো নিখোঁজ। জীবিত ও মৃতদেহের সন্ধানে উদ্ধারকারী দলগুলি তল্লাশি চালিয়ে যাচ্ছে। দুর্গত জেলাগুলি থেকে কর্তৃপক্ষ ৮০০-র বেশী মানুষকে উদ্ধার করেছে। দক্ষিণ-পশ্চিম চীনে গতকাল পাঁচ দশমিক এক তীব্রতার ভূমিকম্পের পর আবার বন্যার আশঙ্কায় নতুন করে সতর্ক বার্তা জারি করা হয়েছে।

<u>ooooooooooooooooooo</u>

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দেশবিরোধী শক্তির বিরুদ্ধে লড়াই-এর ডাক দিয়েছেন। যাদবপুরের এইট বি-তে গতকাল 'বন্দে মাতরম' কর্মসূচিতে মুখ্যমন্ত্রী অভিযোগ করে বলেন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন বিদেশী প্রভাব ছিল। বাম ও অতিবাম ছাত্র সংগঠনগুলির উদ্দেশ্যে তিনি বলেন, এই বিশ্ববিদ্যালয়ে দেশ বিরোধী শক্তিকে বাঁচিয়ে রাখা এবং সনাতনী ঐতিহ্যের অসম্মান করা হয়েছিল। পাশাপাশি নেতাজি এবং রবীন্দ্রনাথ ঠাকুরকেও অপমান করা হয়েছিল বলে তাঁর অভিযোগ।

পহেলগামে নিরীহ পর্যটকদের হত্যা করার পরেও এই বাম সংগঠনগুলি প্রতিবাদ জানায়নি। তবে 'অপারেশন সিঁন্দুর'-এর বিরুদ্ধে মিছিলে সামিল হয়েছিল বলে তিনি অভিযোগ করেন। এই বিশ্ব বিদ্যালয়ে 'আজাদি'র স্লোগান দেওয়া হয়। স্বাধীন দেশে কিসের আজাদির স্লোগান এবং মাদক সেবনের আজাদির স্লোগান কিনা, মুখ্যমন্ত্রী তা' নিয়ে প্রশ্ন তোলেন।

এর আগে সেখানে বহু কণ্ঠে 'বন্দে মাতরম' ধ্বনিত হয়। মুখ্যমন্ত্রী নিজে মঞ্চ থেকে নেমে রাস্তায় জাতীয় পতাকা হাতে বন্দে মাতরম-এর সঙ্গে কণ্ঠ মেলান।
মঞ্চে মন্ত্রী স্বপন দাশগুপ্ত, তাপস রায় সহ বিজেপি নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

<u>ooooooooooooooooooo</u>

উত্তর ২৪ পরগনার অশোক নগরে বাণিজ্যিকভাবে তেল উত্তোলন শুরু হয়েছে। গতকাল এর আনুষ্ঠানিক সূচনা করেন অশোকনগরের বিধায়ক ডাঃ সুময় হীরা। উপস্থিত ছিলেন তেল ও প্রাকৃতিক গ্যাস কমিশন ONGC-এর 'ডিরেক্টর অফ এক্সপ্লোরেশন' ওম প্রকাশ সিনহা সহ উচ্চপদস্থ আধিকারিকরা। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উপস্থিতিতে গতকালই তেল ভর্তি ট্যাঙ্কার হলদিয়ার উদ্দেশ্যে রওনা হয়।

শ্রী সিনহা একে এক শুভ সূচনা বলে উল্লেখ করেছেন।

(বাইট – ওমপ্রকাশ )

উল্লেখ্য, অশোকনগরের এই খনিজ তেলের বাণিজ্যিক সরবরাহ রাজ্যে শিল্প, অর্থনৈতিক পরিকাঠামো এবং কর্মসংস্থানের ক্ষেত্রে ইতিবাচক পদক্ষেপ হয়ে উঠতে চলেছে বলে বিধায়ক সুময় হীরা জানিয়েছেন।

(বাইট – সুময় হীরা)

উল্লেখ্য, ২০১৮ সালে অশোক নগরে খনিজ তেলের সন্ধান পায় ONGC। তৈরি করা হয় অশোকনগর সাইট ওয়ান। কর্তৃপক্ষের অনুমান, নতুন এই কূপে আনুমানিক ১৫ থেকে ২০ কিউবিক মিটার তেল মজুত রয়েছে। গতকাল প্রাথমিক পর্যায়ে ১২০০ লিটার তেল উত্তোলন করা হয়।

ওএনজিসি সূত্রে জানা গেছে, অশোকনগরের এই তেলের ‘API Gravity Quality’ প্রায় ৪০ থেকে ৪১, যা আন্তর্জাতিক মানদণ্ডের (৩৯) সমতুল্য এবং বম্বে হাইয়ের তেলের থেকেও উন্নত মানের। তেল উত্তোলনের পাশাপাশি এলাকার পরিকাঠামোগত উন্নয়নেও বড়সড় পদক্ষেপ নিয়েছে সংস্থা। ইতিমধ্যেই সংশ্লিষ্ট সাইটের জন্য ১০০০ কোটি টাকা বরাদ্দ করেছে ওএনজিসি। অশোকনগরের শিক্ষা, স্বাস্থ্য, জনস্বাস্থ্য ও সমাজকল্যাণমূলক ক্ষেত্রে—যেমন স্থানীয় স্কুল, হাসপাতাল ও আইসিডিএস (ICDS) সেন্টারের সার্বিক উন্নয়নের জন্য আরও ১০০০ কোটি টাকা বরাদ্দ করা হচ্ছে।

oooooooooooooooooo

মুর্শিদাবাদে ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মানে প্রয়োজনীয় জমি হস্তান্তরের কাজ ১০০ শতাংশ সম্পূর্ণ হয়েছে। জেলায় ৪৮ কিলোমিটার খোলা সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মানের জন্য পূর্বেই কয়েক দফায় মোট ৩৩৪ একরের বেশী জমি সীমান্ত রক্ষী বাহিনীর হাতে তুলে দিয়েছিল জেলা প্রশাসন। গত ২৭ আগস্ট সীমান্তের চর চন্দনপুর এবং হাজরাহাটি মীরগঞ্জ, এই দুটি গুরুত্বপূর্ণ মৌজার বাকি থাকা ৩ দশমিক ৮/৬ কিলোমিটার কাঁটাতারের জন্য ২৮ দশমিক ৬/৫ একর জমি 'রাইট অব পজেশন' এর মাধ্যমে বিএসএফ-কে হস্তান্তর

করা হয়। বর্তমান সরকার ক্ষমতায় আসার আগে নির্বাচনী প্রতিশ্রুতি ছিল পশ্চিমবঙ্গে বিজেপি সরকার গঠিত হলেই অনুপ্রবেশ রুখতে বাংলাদেশ সীমান্ত বরাবর কাঁটাতারের বেড়া বসানো হবে। গত **১১ই** মে বিজেপি-র রাজ্য মন্ত্রিসভার প্রথম বৈঠকে সিদ্ধান্ত হয় সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণ ও বিএসএফ-কে আউটপোস্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় জমি ৪৫ দিনের মধ্যে হস্তান্তর করা হবে। জেলাভিত্তিক হিসেবে সীমান্ত বরাবর কাঁটাতারের বেড়া নির্মাণের জন্য বিএসএফ সব থেকে বেশি জমি পেয়েছে মুর্শিদাবাদ জেলায়। সেখানে ৩৬২ একরের বেশি বা প্রায় ৪৮ কিলোমিটার দীর্ঘ সীমান্ত জুড়ে কাঁটাতারের বেড়া নির্মাণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জেলা শাসক আর অর্জুন জানিয়েছেন।

<u>oooooooooooooooooooo</u>

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৭-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

<u>oooooooooooooooooooo</u>

শতবর্ষে পা দিয়েছে আকাশবাণী কলকাতা। এই ১০০ বছরে নানান বিবর্তন ঘটেছে আকাশবাণীর সংবাদেরও। কেমন ছিল শুরুর দিনগুলি, কেমন ছিল পরিবর্তিত

হতে থাকা সংবাদের রূপ- এইসব নিয়েই নিজেদের অভিজ্ঞতা বিনিময় করেছেন আকাশবাণী কলকাতার সংবাদের বিভিন্ন বিভাগের পুরোধায় থাকা তিন প্রাক্তন বরিষ্ঠ আধিকারিক-শঙ্কর দাশগুপ্ত , শান্তনু পালোধি এবং সুনীত চক্রবর্তী। অনুষ্ঠানটির সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি প্রচারিত হচ্ছে দুটি ভাগে। দ্বিতীয় তথা শেষ পর্বের সম্প্রচার শোনা যাবে আজ রাত ৮টায়, গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও DTH বাংলা পরিষেবায়। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও অনুষ্ঠানটি শোনা যাবে।

<u>oooooooooooooooooo</u>

মালদহ মেডিকেল কলেজ হাসপাতালে শিশুমৃত্যুর কারণ খতিয়ে দেখতে ৪ সদস্যের বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে স্বাস্থ্য দফতর। চিকিৎসক প্রলয় আচার্যের নেতৃত্বে ওই কমিটিতে আছেন মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজের চিকিৎসক রাজশেখর সরকার ভোলানাথ আইচ, এবং এসএসকেএমের চিকিৎসক বিজন সাহা। আজ ওই কমিটির সদস্যরা মালদহ মেডিক্যাল কলেজে অনুসন্ধানে যাবেন। সম্প্রতি এই মেডিকেল কলেজে একদিনে ১০টি শিশুর মৃত্যু হয়। চলতি মাসে সবমিলিয়ে প্রায় মৃত্যু হয়েছে ৬০ টি নবজাতকের। এ নিয়ে হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে আগেই রিপোর্ট চেয়েছিলেন স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায়।

এদিকে, এই ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশন রাজ্যের মুখ্য সচিবকে নোটিশ পাঠিয়েছে।

সংবাদমাধ্যমের একটি প্রতিবেদনের ভিত্তিতে স্বতঃপ্রণোদিত হয়ে বিষয়টি নিয়ে কমিশন দু সপ্তাহের মধ্যে এ বিষয়ে বিস্তারিত রিপোর্ট চেয়েছে।

কমিশন জানিয়েছে যে, সংবাদ প্রতিবেদনের তথ্য যদি সত্য হয়, তবে তা মানবাধিকার লঙ্ঘনের গুরুতর বিষয়। প্রতিবেদন অনুযায়ী, ওই ৬০ জন নবজাতকের মধ্যে ৪৪ জনকেই শারীরিক অবস্থার অবনতির কারণে অন্যান্য চিকিৎসা কেন্দ্র থেকে সেখানে রেফার করা হয়েছিল।

oooooooooooooooooo

রাজ্যপাল আর এন রবি, বিকশিত ভারতের লক্ষ্যে চিকিৎসকদের নতুন চিন্তাভাবনাকে পাথেয় করে আধুনিক উন্নত প্রযুক্তি ব্যবহার ও গবেষণার মধ্যে দিয়ে চিকিৎসাক্ষেত্রকে সমৃদ্ধ করার আহবান জানিয়েছেন। নিউ টাউনের বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে গতকাল অ্যাসোসিয়েশন অফ মিনিমাল অ্যাকসেস সার্জেন্স অফ ইন্ডিয়ার ২১ তম আন্তর্জাতিক সম্মেলন এর উদ্বোধন করে তিনি বলেন, বর্তমান এন ডি এ সরকারের আমলে দেশে মেডিকেল কলেজের ও কলেজে আসনের সংখ্যা উল্লেখযোগ্য ভাবে বেড়েছে। তবুও দেশে জনসংখ্যার তুলনায় চিকিৎসক কম। আগামী দিনে স্বাস্থ্য সহ বিভিন্ন ক্ষেত্রে ভারত বিশ্বকে নেতৃত্ব দেবে বলে প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

উদ্বোধনী অনুষ্ঠানে, অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি ডাক্তার সি পালানিভেলু, সভাপতি ডাক্তার মরুথা পান্দিয়ান উপস্থিত ছিলেন। সম্মেলন চলবে আগামীকাল পর্যন্ত।

oooooooooooooooooooo

আইনশৃঙ্খলা সহ বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বীরভূমে যাচ্ছেন। সকালে কলকাতা থেকে রওনা

হয়ে আকাশপথে পৌঁছে তিনি বীরভূমের কর্কড়িয়া সরস্বতী বিদ্যামন্দিরের মাঠে অবতরন করবেন। সেখান থেকে তিনি তারাপীঠ মন্দিরে গিয়ে পূজো দেবেন। আসন্ন কৌশিকী অমাবস্যার আগে সেখানকার প্রস্তুতি নিয়ে মন্দির কমিটির সঙ্গে বৈঠক করবেন। পরে রামপুরহাটের রক্তকরবী প্রেক্ষাগৃহে তার প্রশাসনিক বৈঠকের কর্মসূচী রয়েছে। মুখ্যমন্ত্রীর সফরকে ঘিরে জেলার নিরাপত্তা বৃদ্ধি করা হয়েছে। আজই তাঁর কলকাতায় ফেরার কথা।

<u>ooooooooooooooooooo</u>

CPIM এর রাজ্য কমিটির বর্ধিত অধিবেশন আজ কল্যাণীতে শুরু হচ্ছে। গতকাল কলকাতায় দলের সাধারণ সম্পাদক M A বেবীর উপস্থিতিতে দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম জানান, দুদিনের এই বর্ধিত অধিবেশনের শেষে আগামীকাল কল্যাণীতে প্রকাশ্য সমাবেশ হবে। দেশ ও রাজ্যের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে অধিবেশনে আলোচনা হবে। অধিবেশনকে ঘিরে দলের প্রয়াত সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরির নামে এলাকার নামকরণ করা হয়েছে। দলের পলিটব্যুরোর সদস্য ও রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের নামে মঞ্চের নামকরণ করা হয়েছে।

<u>ooooooooooooooooooo</u>

হকির জাদুকর মেজর ধ্যানচাঁদ এর ১২১ তম জন্মবার্ষিকী আজ জাতীয় ক্রীড়া দিবস হিসাবে পালিত হচ্ছে। এবারের ক্রীড়া দিবসের মূল ভাবনা 'খেলবে ভারত, জিতবে ভারত'। রাজ্য সরকারের উদ্যোগে নবান্ন সভাঘরে জাতীয় ক্রীড়া দিবসের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জাতীয় ক্রীড়া ও প্যারা অলিম্পিক্স এ পদক জয়ীদের এবং বিশিষ্ট ক্রীড়াবিদের সম্মানিত করবেন।

হকি বেঙ্গলের উদ্যোগে কলকাতার ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রাক্তন হকি ওলিপিয়ান গুরবক্স সিং, ক্রীড়ামন্ত্রী ডাক্তার ইন্দ্রনীল খাঁ সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত থাকবেন।সংস্থার বার্ষিক পুরস্কার বিতরণ করা হবে।

এদিকে, দেশ বাসীকে সুস্থ, সবল রাখার জন্য আজকের দিনেই সূচনা হয়েছিল ফিট ইন্ডিয়া মুভমেন্ট। দৈনন্দিন জীবনে শারীরিক পরিশ্রম ও খেলাধুলাকে যুক্ত করার লক্ষ্য কে সামনে রেখে ২০১৯ সালের জাতীয় ক্রীড়া দিবসে প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী দেশ জুড়ে ফিট ইন্ডিয়া মুভমেন্ট এর সূচনা করেন।

oooooooooooooooooo

উত্তর বঙ্গোপসাগর এবং সংলগ্ন পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ উপকূলের উপর তৈরি ঘূর্ণাবর্ত আজকের মধ্যে ঘনীভূত হয়ে পশ্চিমবঙ্গ এবং উত্তর ওড়িশা উপকূলের ওপর নিম্নচাপ এলাকায় পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া রাজ্যের ওপর দিয়ে বিস্তৃত হয়েছে সক্রিয় মৌসুমী অক্ষরেখা। এই দুই কারণে আজও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা, কলকাতা হাওড়া হুগলি দুই মেদিনীপুর জেলায় ভারী বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে এছাড়াও উপকূলীয় পূর্ব মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে । মৎস্যজীবীদের ৩১ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গ, ওড়িশা এবং বাংলাদেশ উপকূল এলাকায় যেতে নিষেধ করা হয়েছে। এদিকে

উত্তরবঙ্গে আজ থেকে বৃষ্টির পরিমাণ কিছুটা কমবে। বিক্ষিপ্তভাবে দু এক জায়গায় হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

<u>oooooooooooooooooooo</u>